
International Labour Organization



কোভিড-১৯ মহামারীর সময় এবং পরবর্তী কালে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা তৈরী।

কোভিড-১৯ নির্দেশিকা এবং কার্যক্রম সমূহের তালিকা

পোশাক কারখানা ও পরিচালকদের জন্য

# আয়ের বিকল্প উৎস সন্ধান

কোভিড-১৯ এর মহামারীর সময় কারখানা যেন টিকে থাকতে পারে এবং সময়ের সাথে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে নিতে বেশী সক্ষম হয়ে উঠতে পারে, তা নিশ্চিত করতে এই নির্দেশিকাটি কারখানার পরিচালকদের নতুন আয়ের উৎস সন্ধান করতে সাহায্য করবে।

## সূচনা

| | |
|---|---|
| অন্তর্ভুক্ত: কাজের তালিকা | এই নির্দেশিকায়ঃ<br>▶ মহামারীর সময় আয়ের বিকল্প উৎসগুলো সন্ধান করা কেন গুরুত্বপূর্ণ।<br>▶ আপনার কারখানার জন্য উপযুক্ত আয়ের উৎসগুলো কিভাবে চিহ্নিত করবেন।<br>▶ কোভিড-১৯ চলাকালীন সময়ে এবং পরবর্তী সময়ে আয়ের বিকল্প উৎসগুলো কিভাবে অনুসন্ধান করা যায় সে বিষয়ে পরামর্শ। |

## ১. কোভিড-১৯ এর মহামারীর সময় এবং তার পরবর্তী সময়ে নতুন আয়ের উৎস কেন গুরুত্বপূর্ণ

অনেক ক্রেতার ক্রয়াদেশ বাতিল বা স্থগিত হওয়া, ক্রয়াদেশের পরিমান কমে যাওয়া এবং/অথবা মূল্য পরিশোধের শর্তাদি দীর্ঘায়িত হওয়ার কারণে পোশাক কারখানাগুলো বর্তমানে আর্থিক ক্ষতির শিকার হচ্ছে। যে কারখানাগুলো অর্ডার সম্পন্ন করেছে বা যাদের কাজ চলছে (ড্রিব্লিউ আই পি) তাদের ক্রয়াদেশ কৃত উপকরণ যেমন; ফেব্রিক, ট্রিম বা প্যাকেজিংয়ের জন্য চালান নিষ্পত্তি করা প্রয়োজন, এই পরিস্থিতি তাদেরকে আর্থিকভাবে কঠিন অবস্থার মধ্যে ফেলেছে।

আপনার কারখানার আয়ের উৎস বহুমুখীকরণ ভবিষ্যতের সংকট মোকাবিলা করতে আরও বেশী সক্ষমতা তৈরি করতে  পারে।



যেখানে আপনার কারখানা প্রাথমিকভাবে একজন বা কয়েকজন ক্রেতার জন্য পোশাকের উৎপাদনের উপর নির্ভরশীল ছিল, কোভিড-১৯ মহামারীর মত সংকট আপনাকে আয়ের নতুন পথ সন্ধান করতে বাধ্য করতে পারে। আয়ের বিকল্প উৎস সন্ধান অথবা আয় বহুমুখীকরণ আপনার কারখানাকে যেসব কাজে সাহায্য করতে পারে.সেগুলো হলো ;

- বর্তমান অর্থ  যোগানের সমস্যা নিয়ে কাজ করা।
- ভবিষ্যতের সংকট মোকাবিলা করার জন্য আরও বেশী সক্ষমতা গড়ে তোলা।
- নতুন ক্রেতা এবং নতুন বাজারের সাথে সংযোগ স্থাপন করা।
- সময় নিয়ে ব্যবসার জন্য নতুন সুযোগগুলো অনুসন্ধান করা।

## ২.   আয়ের বিকল্প উৎস সন্ধান

এই নির্দেশিকায়, আপনি ৩ ধরণের আয়ের  ধারণা পাবেন যা আপনার কারখানার জন্য সহজলভ্য হবে। এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে  ;

- **অস্থায়ী ত্রান বা আর্থিক সহায়তাঃ** সরকারী, আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান, দাতা সরকার, এনজিও এবং অন্যান্য শিল্পের অংশীদারগণ কোভিড-১৯ এর সময় পোশাক কারখানায় আর্থিক চাপ কমিয়ে আনার জন্য  অর্থ তহবিল গঠন করছে। আপনার কারখানাটি কোন দেশে অবস্থিত তার উপর নির্ভর করে সেই প্যাকেজগুলো ভিন্ন হতে পারে। সরকারী ওয়েবসাইট, আপনার পোশাক সমিতি এবং ব্যাংকগুলো তথ্যের  ভালো উৎস। আর্থিক ত্রান প্যাকেজগুলোর জন্য আবেদন করার জন্য  সহায়তা দানকারী সংস্থাগুলোর প্রয়োজন অনুযায়ী আপনার  হিসাব রক্ষন সম্পর্কিত এবং অন্যান্য কাগজপত্র তৈরী করে আপনি প্রস্তুত আছেন তা নিশ্চিত করুন।
- **স্বল্পমেয়াদী পণ্য বাজারঃ** বিশ্বব্যাপী অনেক ক্রেতাদের নিকট  এখন ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামের (পিপিই) উচ্চ চাহিদা রয়েছে। যদিও এটি একটি অস্থায়ী চাহিদা, আপনি এই সময় উৎপাদন প্রক্রিয়া চালিয়ে যাওয়ার জন্য মাস্ক বা হাসপাতাল পরিষ্কার করার সরঞ্জাম এবং অন্যান্য পিপিই উৎপাদন করার কথা বিবেচনা করতে পারেন। ক্রেতাদের সম্পর্কে আরও তথ্য সংগ্রহের জন্য, আপনি আপনার পোশাক সমিতির সাথে কথা বলতে পারেন। এছাড়াও অন্যান্য সংস্থা রয়েছে যারা উৎপাদন প্রক্রিয়া সমন্বয় করার চেষ্টা করেছে। (কারখানার কার্য তালিকায় আরও তথ্য দেখুন)
- **দীর্ঘমেয়াদী বহুমুখীকরণকরনঃ** একটি মাত্র আয়ের উৎসের উপর নির্ভরশীল হওয়া আপনার কারখানাটিকে অনেক ধরণের ঝুঁকির সম্মখীণ করে । কারখানায় এমন একটি কৌশল অনুসরণ করা প্রয়োজন যা বিভিন্ন ধরণের উৎস থেকে আরও স্থিতিশীল আয়ের যোগান নিশ্চিত করতে পারে। তিন ধরণের কৌশল রয়েছেঃ
    - **ক্রেতা বহুমুখীকরণঃ** সময়ের সাথে আপনি আরও বেশী  এবং/অথবা নতুন ক্রেতাদের কাছে পন্য বিক্রির কথা বিবেচনা  করতে পারেন। এটি আপনার কারখানার জন্য

ইতিবাচক এবং নেতিবাচক উভয়ই হতে পারে। এটি আপনার বর্তমান ক্রেতাদের উপর নির্ভরশীলতা কমাবে। যদিও সহযোগিতাপূর্ণ মনোভাব নিয়ে এবং সম্ভাব্য সহায়তার মাধ্যমে কেবলমাত্র আপনার বর্তমান ক্রেতাদের সাথে কাজ করেও আপনি আরও উপকৃত হতে পারেন।যদিও একটি ক্রেতাদের সাথে কাজ করা আদর্শ নয়, কারণ ভবিষ্যতেও যদি একইরকম সংকট দেখা দেয় তবে আপনার ব্যবসায়ে ক্ষতি হওয়ার ঝুঁকির সম্ভবনা বেশী।

- **পণ্যে বহুমুখী করণঃ** উচ্চ মুনাফার সীমা নিশ্চিত করতে আপনার কারখানা কি আরও ভালো মান সম্পন্ন পণ্য উৎপাদন করতে প্রস্তুত? যে সকল পন্য আপনি ইতিমধ্যেই উৎপাদন করেছেন সেগুলোর মতই পণ্য উৎপাদন করে কারখানার কার্যক্রম বাড়ানো এবং অন্য বাজারে তা সরবরাহ করার বিষয়টি বিবেচনা করতে পারেন। উদাহরণস্বরূপ,যদি আপনি এই মুহূর্তে প্রধানত ওভেন টপস উৎপাদন করেন তবে নিট ফেব্রিক টপসও উৎপাদন শুরু করতে পারেন কিনা তা বিবেচনা করুন।

- **আয়-মূলক কার্যক্রমের বহুমুখীকরণ করণঃ** আপনার নিজস্ব অর্ডারের জন্য পোশাক উৎপাদনের সাথে সরাসরি সম্পর্কিত নয় এমন কার্যক্রমের মাধ্যমে কারখানা অর্থ উপার্জন করতে পারে। উদাহরণস্বরূপ, নিজের জায়গা আরও কার্যকরভাবে ব্যবহার করে অথবা একটি উপযুক্ত জায়গা ভাড়া নিয়ে সেখানে বিনিয়োগ করে আপনি এমব্রয়ডারি, প্রিন্টিং বা ওয়াসিং ইউনিট এর কাজ শুরু করতে পারেন। বিকল্পভাবে, আপনার কারখানার বা মেশিনের কিছু অংশ ভাড়া দিয়ে, এতে সম্পৃক্ত না থেকেও প্রতি মাসে আয় করতে পারেন।

## ৩. কাজ শুরুর জন্য প্রস্তুতি

যেহেতু আপনি এখন আপনার কারখানার আয়ের উপযোগী বিভিন্ন উৎসের কথা বিবেচনা করেছেন, পরবর্তী অংশে স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী সময়ে কিভাবে আয়ের উৎস সমূহ অনুসন্ধান করা যায় এবং সেখান থেকে কারখানার জন্য উপযুক্ত আয়ের উৎস চিহ্নিত করা যায় সে সম্পর্কে কিছু দৃঢ় পদক্ষেপ বর্ণনা করা হয়েছে ;

কোভিড-১৯ মহামারীর সময় এবং পরবর্তী কালে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা তৈরী।



# কারখানার নতুন আয়ের উৎস সন্ধান করার জন্য ৬ টি পদক্ষেপ

**০১** **সহজলভ্য জরুরী ত্রান প্যাকেজগুলো সন্ধান করুন**
স্বল্পমেয়াদী আর্থিক সংকট মোকাবিলা করা

**০২** **স্বল্পমেয়াদী সহজলভ্য পণ্যের বাজারগুলো অনুসন্ধান করুন**
বর্তমানে উচ্চ চাহিদা সম্পন্ন পিপিই উৎপাদনের কথা বিবেচনা করুন

**০৩** **ছোট অর্ডারগুলো উৎপাদনের প্রস্তুতি নিন- দ্রুত!**
বাজারগুলো খোলার সাথে সাথে খুচরা বিক্রেতাদের দ্রুত নতুন পণ্যের প্রয়োজন হবে।

**০৪** **অন্যেদের সাথে এক সহযোগে কাজ করা**
চলমান আলোচনায় শ্রমশিল্পের অন্যান্য অংশীদারদের যুক্ত করুন

**০৫** **ইতিমধ্যে  আপনার যা আছে তা বিক্রি করুন**
একজনের জন্য যা আবর্জনা অন্য জনের জন্য তা মূল্যবান সম্পদ

**০৬** **নতুন ক্রেতা সন্ধান করুন**
নতুন ক্রেতা চিহ্নিত করার জন্য বিভিন্ন মাধ্যম অনুসন্ধান করুন

# পদক্ষেপগুলো কার্যকর করাঃ কারখানার কার্য তালিকা

## ১. সহজলভ্য জরুরী ত্রান প্যাকেজগুলো সন্ধান করুন

কোভিড-১৯ মহামারীর কারণে আর্থিক সমস্যায় পড়েছে এমন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে বর্তমানে অনেক সরকার সহায়তা করছে। এই সহায়তাগুলো হতে পারে ব্যবসা উপযোগী ঋণ, ধার ইত্যাদি। যদিও এটি কোন দীর্ঘ-মেয়াদী সমাধান নয়, তবুও সহায়তার প্যাকেজগুলো বর্তমানে আপনার কারখানা যে জটিল আর্থিক পরিস্থিতির মুখোমুখি হতে পারে তা মোকাবিলা করতে সহায়তা করতে পারে।

| কার্যক্রম | হজে বাস্তবায়ন যোগ্য | সময়সীমা | যাচাই করা ✓ |
|---|---|---|---|
| পোশাক উৎপাদনকারীদের জন্য সহজলভ্য আর্থিক সহায়তা প্যাকেজ সম্পর্কে আপনার পোশাক সমিতির সাথে কথা বলুন। | ✓✓✓ | »»» স্বল্প-মেয়াদী | ☐ |
| অনলাইনে পাওয়া যায় এমন তথ্য অনুসন্ধান করুন। সরকারী ওয়েবসাইটে, স্থানীয় সংবাদপত্রে অথবা শিল্প ফোরামে তথ্য পাওয়া যেতে পারে। | ✓✓✓ | »»» স্বল্প-মেয়াদী | ☐ |
| সহায়তার আবেদন করার জন্য নিজেকে প্রস্তুত করুন। আপনার হিসাবরক্ষণ সম্পর্কিত কাগজপত্র সহ অন্যান্য কাগজপত্র তৈরী রাখুন। | ✓✓✓ | »»» স্বল্প-মেয়াদী | ☐ |

## ২. সহজলভ্য স্বল্প-মেয়াদী পণ্যের বাজারগুলো অনুসন্ধান করুন

এই মুহূর্তে আপনার কারখানার জন্য গতানুগতিক পোশাক উৎপাদনের সীমিত সুযোগ থাকতে পারে। মহামারীর কারণে, ব্যক্তিগত সুরক্ষার গার্মেন্টস পণ্য যেমন মাস্ক, মেডিকেল গাউনের বর্তমানে বেশ চাহিদা রয়েছে। অন্যান্য পন্যের পরিবর্তে ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম উৎপাদন মহামারীর এই সময় আপনাকে সুরক্ষিত আয়ের সুযোগ করে দিতে পারে।

| কার্যক্রম | হজে বাস্তবায়ন যোগ্য | সময়সীমা | যাচাই করা ✓ |
|---|---|---|---|
| ইউরোপিয়ান অ্যাপারেল এবং টেক্সটাইল ফেডারেশন (ইউরোটেক্স) এর মত অনলাইন মাধ্যমগুলোতে ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম এর ক্রেতাদের অনুসন্ধান করুন, যারা বর্তমানে ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম বিক্রির সমন্বয়ের চেষ্টা করছে। | ✓✓✓ | »»» স্বল্প-মেয়াদী | ☐ |
| স্থানীয় বাজারের জন্য অথবা রপ্তানির জন্য ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম উৎপাদনের সুযোগ অনুসন্ধান করতে আপনার পোশাক সমিতির সাথে যোগাযোগ করুন। | ✓✓✓ | »»» স্বল্প-মেয়াদী | ☐ |
| বড় কারখানা যাদের রপ্তানির লাইসেন্স আছে তাদের বড় অর্ডার গ্রহন করা অথবা পন্য উৎপাদন করার জন্য অন্যান্য কারখানার সাথে দলবদ্ধ হয়ে কাজ করুন। | ✓✓ | »»» স্বল্প-মেয়াদী | ☐ |

## ৩. ছোট অর্ডারগুলো উৎপাদনের প্রস্তুতি নিন-- দ্রুত!

ক্রেতাদের জন্য কোভিড-১৯ মহামারীর এই বছরটি একটি কঠিন সময়। মহামারীর এই প্রাদুর্ভাবের সময় এবং যখন এটি শেষ হবে তখন খুচরা বিক্রেতাদের নতুন পণ্য প্রয়োজন হবে কারণ তাদের কাছে শুধুমাত্র গত মৌসুমের জিনিসপত্র রয়েছে।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ | সময়সীমা | পরীক্ষা ✓ |
|---|---|---|---|
| ছোট ছোট অর্ডারের পন্য উৎপাদন সম্পর্কে আপনার ক্রেতাদের সাথে কথা বলুন। তাদের সাথে সময়সীমা, অর্ডারের পরিমান এবং কাজ শুরু থেকে শেষ হওয়া পর্যন্ত প্রয়োজনীয় সময় নিয়ে আলোচনা করুন। এটা পরবর্তীতে যে কোন অর্ডারের জন্য আপনার কারখানাকে প্রস্তুত করতে সাহায্য করবে। | ✓✓ | »»» স্বল্প-মেয়াদী | ☐ |
| যতটা সম্ভব মজুদকৃত কাপড় ব্যবহার করুন। আপনার কাছে আছে এমন টেক্সটাইল এবং অন্যান্য উপকরনগুলোর একটি তালিকা নিশ্চিত করুন যেন নতুন অর্ডার পাওয়ার পর আপনি সহজেই প্রয়োজনীয় তথ্যগুলো পান। | ✓✓✓ | »»» »»» মধ্য-মেয়াদী | ☐ |
| আপনার সাপ্লাইয়ারদের সাথে যোগযোগ রাখুন যেন আপনার কাছে প্রাপ্ত মজুদের তথ্য থাকে। | ✓✓✓ | »»» »»» মধ্য-মেয়াদী | ☐ |

| | | | |
|---|---|---|---|
| আপনার কর্মীদের জন্য পর্যাপ্ত কাজের পরিবেশ তৈরী করতে আগে থেকেই প্রস্তুতি নিশ্চিত করুন। এটি অতিরিক্ত কর্মঘণ্টা বা স্বাস্থ্য এবং সুরক্ষা ব্যবস্থা নেয়ার ক্ষেত্রে কোন ঘাটতির দিকে যেন নিয়ে না যায়। | ✓✓✓ | »» »» মধ্য-মেয়াদী | ☐ |

## ৪. অন্যেদের সাথে একসহযোগে কাজ করা

অন্যান্য উৎপাদনকারী, খুচরা ব্যবসায়ী, নিয়োগকর্তার সংস্থা এবং সমিতিগুলোকে চলমান আলোচনায় অন্তর্ভুক্ত করার চেষ্টা করুন। এটা ক্রেতাদের জন্য যেসব পন্য উৎপাদন করা শেষ হয়েছে বা যেসব পন্যের উৎপাদন প্রক্রিয়া চলছে তার অর্থ পরিশোধ করার জন্য চাপ প্রয়োগ করতে সহায়তা করবে। বর্তমান পরিস্থিতি সম্পর্কে চিন্তা করা এবং পরিস্থিতি উন্নতির জন্য তা পরিবর্তন করার জন্য শিল্প কারখানা একটি অস্বাভাবিক সময়ের মধ্যে দিয়ে যাচ্ছে।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়সীমা | পরীক্ষা ✓ |
|---|---|---|---|
| পোশাক সমিতিতে যোগদান করুন। এই সমিতি এই শিল্প খাতকে প্রতিনিধিত্ব করে এবং আপনার ও অন্যান্য কাখানার হয়ে কথা বলতে পারে। আপনার বক্তব্য সবাইকে জানান এবং তাদের সাথে যোগদানের মাধ্যমে সমিতিকে আরও শক্তিশালী করুন। | ✓✓✓ | »» স্বল্প-মেয়াদী | ☐ |
| আপনার ক্রেতাদের সাথে আলোচনা শুরু করুন । আপনার পরিস্থিতি ব্যাখ্যা করুন এবং এই সংকট থেকে বেরিয়ে আসার জন্য একসাথে কাজ করার কোন উপায় আছে কিনা সে সম্পর্কে তাদের সাথে আলোচনা করুন। | ✓✓✓ | »» স্বল্প-মেয়াদী | ☐ |
| অন্যান্য কারখানার সাথে কথা বলুন। যদি তারা বড় অর্ডার পায় এবং উৎপাদন প্রক্রিয়ার শুরু থেকে শেষ করার জন্য কম সময় থাকে তাহলে হতে পারে যে তারা কিছু অংশ সাব-কন্ট্রাক্টরদের দিবে।( যা তারা করে থাকে) | ✓✓✓ | »» স্বল্প-মেয়াদী | ☐ |

## ৫. ইতিমধ্যে আপনার যা আছে সেগুলো বিক্রি করুন

আপনার কারখানায় অনেক ধরণের জিনিস থাকতে পারে যা বিক্রি করে আপনি স্বল্প-মেয়াদে কিছু বাড়তি অর্থ উপার্জন করতে পারেন। মনে রাখবেন, একজনের জন্য যা আবর্জনা অন্য জনের জন্য তা মূল্যবান সম্পদ।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়সীমা | পরীক্ষা ✓ |
|---|---|---|---|
| আপনার স্টোরেজ দেখুন। এই সময়ে অন্যান্য কারখানা আপনার কিছু টেক্সটাইল কিনতে চাইতে পারে যদি তাদের সরবরাহকারীরা সঠিক সময়ের মধ্যে সরবরাহ করতে না পারে অথবা তাদের প্রয়োজনীয় কাপড় যদি কম পড়ে হয়। | ✓✓✓ | »» স্বল্প-মেয়াদী | ☐ |
| আপনার কিছু মেশিন বিক্রি করুন। কারখানায় কিছু মেশিন অব্যবহৃত অবস্থায় পড়ে থাকে। যেসব মেশিন ব্যবহৃত হয় না সেগুলো সেকেন্ড হ্যান্ড বাজারে বিক্রির করতে পারেন। । অন্যান্য কারখানা বাড়তি পার্টস বা মেশিনরে ভাঙ্গা অংশ পরিবর্তনের জন্য পুরানো মেশিন কিনতে আগ্রহী হতে পারে। | ✓✓✓ | »» স্বল্প-মেয়াদী | ☐ |
| আপনার কি বাড়তি জায়গা খালি আছে? প্রতিমাসে কিছু বাড়তি আয়ের জন্য সল্প-মেয়াদে বা দীর্ঘ-মেয়াদে জায়গাটি ভাড়া দেয়ার কথা বিবেচনা করতে পারেন। | ✓✓ | »» স্বল্প-মেয়াদী | ☐ |

## ৬. নতুন ক্রেতা সন্ধান করুন

এই মুহূর্তে যদি আপনার বর্তমান ক্রেতারা আপনার থেকে ক্রয় করতে না চায় তবে আপনার অন্য ক্রেতা খোঁজার কথা বিবেচনা করা উচিত যারা আপনার কাছে পোশাক উৎপাদন করাতে চায় ।একাজে আপনাকে সহায়তা করার জন্য বিভিন্ন ধরণের মাধ্যম রয়েছে।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়সীমা | পরীক্ষা ✓ |
|---|---|---|---|
| আপনার ব্যবসা অনলাইনে চালু করুন। অনলাইনে বিভিন্ন তথ্য সরবরাহের মাধ্যমগুলো তে গ্রাহকদের সন্ধানের চেষ্টা করুন।<br>**দরকারী পরামর্শঃ** "অনলাইন যোগাযোগ পদ্ধতি স্থাপন" নির্দেশিকাটি দেখুন যা আপনাকে এই কাজটি শুরু করতে সাহায্য করবে। | ✓✓ | »» মধ্য-মেয়াদী | ☐ |
| আপনার সাথে যেসব ব্যক্তিবর্গ বা সংস্থার যোগাযোগ আছে তাদের সাথে কথা বলুন। এখন যেহেতু অনেক কারখানা বিভিন্ন ধরণের সুযোগ অনুসন্ধান করছে, আপনি নতুন ক্রেতা কিভাবে পাবেন সে সম্পর্কে অন্যদের থেকে পরামর্শ এবং ধারনা নিতে পারেন। | ✓✓ | »» মধ্য-মেয়াদী | ☐ |
| যদি এই মুহূর্তে রপ্তানিমুখী কারখানা বা ক্রেতাদের কাছে বিক্রি করা কঠিন হয়, তবে দেশীয় অথবা অন্তত আঞ্চলিক বাজারের দিকে মনোনিবেশ করুন। আপনাকে অর্ডার দিতে চায় এমন ক্রেতা খোঁজা সহজ হতে পারে, কারণ এতে সাপ্লাই চেইন কম ব্যহত হয় । | ✓✓ | »» মধ্য-মেয়াদী | ☐ |

আইএলও এন্টারপ্রাইজ বিভাগ, সুইডেন সরকারের অর্থায়নে, **ডিসেন্ট ওয়ার্ক ইন দা গার্মেন্ট সেক্টর সাপ্লাই চেইন ইন এশিয়া** প্রকল্পের জন্য এই নির্দেশিকাটি তৈরি করেছে।

- কোভিড-১৯ মহামারীর সময় কার্যক্রম পরিচালনা করার জন্য আরো নির্দেশনাবলী এবং তথ্য পেতে দেখুন ;

  ilo.org/covid19

**Decent Work Technical Support Team for East and South-East Asia and the Pacific**
United Nations Building, 10th Floor
Rajdamnern Nok Avenue,
Bangkok 10200, Thailand
Tel.: 662 288 1234 Fax. 662 288 3058
Email: BANGKOK@ilo.org

DECENT WORK
A better world starts here.